দর্শনা সীমান্তে পুলিশ বিজিবি অভিযানে ভারতীয় নাগরিকসহ আটক ২

দর্শনায় পুলিশ, বিজিবি পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ভারতীয় নাগরিকসহ আটক করেছে ২ জনকে। আটককৃত ২ জনের মধ্যে দর্শনা জয়নগরের শহিদুল ইসলামের ছেলে সোহেল রানা (২৪)ও ভারতের মালদা,পশ্চিমবঙ্গ জেলার হবিবপুর থানার কোটালপুর গ্রামের নগেন বিশ্বাসের ছেলে নরেশ বিশ্বাস(৪৪) কে আটক করে।

জানাযায় শুক্রবার সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহ’র নেতৃত্বে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর ঈদগাহপাড়ার লাভলুর বাড়িতে। এ সময় দর্শনা থানার এসআই শামিম রেজা, এএসআই মারুফুল ইসলাম, এএসআই মামুনুর রহমান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে লাভলু হোসেনের ভাড়াটিয়া বাড়ির সোহেল রানার উত্তর দুয়ারী বসত ঘরের মধ্যে থেকে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এস আই শামীম রেজা বাদি হয়ে সোহেল রানা বিরুদ্ধে মামলাসহ চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে। অপরদিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবি ভারতীয় পাসপোর্ট ধারী যাত্রী কাছ থেকে বাংলাদেশের প্রবেশ করার সময় অবৈধ মাদকদ্রব্য ৫৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, এক বোতল ভারতীয় মদ এবং ভারতীয় প্রসাধনীসহ ভারতের মালদা,পশ্চিমবঙ্গ জেলার হবিবপুর থানার কোটালপুর গ্রামের নগেন বিশ্বাসের ছেলে নরেশ বিশ্বাস(৪৪),কে আটক করে। গতকাল বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে ভারতের নদিয়া জেলার কৃষ্ণগঞ্জ থানাধীন গেদে চেকপোস্টের মাধ্যমে দর্শনা জয়নগর চেকপোষ্ট পৌছালে ৬ বিজিবির দর্শনা আইসিপি বিজিবির সদস্যরা তার ব্যাগ তল্লাশি করে। পরে বিজিবির সদস্যরা ব্যাগ তল্লাশি করে ৫৫০পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট, এক বোতল ভারতীয় মদ এবং ভারতীয় প্রসাধনীসহ তাকে আটক করে। আটককৃত ভারতীয় নাগরিককে বিজিবি মামলাসহ দর্শনা থানায় হস্তান্তর করে।

আজ দুজনকে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।